



স্মারক নং- স্বাঃ অধি/প্রঃ পঃ কাঃ /ডায়ালাইসিস/ আউটসোর্সিং/২০২২/৮৯

তারিখঃ ০৫/০৪/২০২২ ইং।


আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পবিত্র কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প পরিচালকের কার্যালয়, “মেডিকেল কলেজ হাসপাতালসমূহে বিদ্যমান কিডনী ডায়ালাইসিস সেন্টার ৫০ শয্যায় উন্নীতকরণ এবং জেলা সদর হাসপাতালসমূহে ১০ শয্যার কিডনী ডায়ালাইসিস সেন্টার স্থাপন” স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা প্রকল্পের অনুকূলে সৃষ্ট ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ মোতাবেক নিম্নোক্ত পদসমূহে শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগ করা হবে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল/সাকুল্য বেতন
১.	কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম- অফিস সহকারী	০১	গ্রেড-১৬	ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিএ/সমমানের পাশ। খ. মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ ও ইংরেজীতে ২৫টি শব্দের গতি এবং কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।	সাকুল্য বেতন (মাসিক) ১৯,১১০/-
২.	অফিস সহায়ক	০১	গ্রেড-২০	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণী/সমমানের পাশ।	সাকুল্য বেতন (মাসিক) ১৭,৬১০/-

আবেদনের শর্তাবলী

- নিয়োগপ্রাপ্ত জনবলের অনুকূলে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট-১১ শাখার স্মারক নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০.৫০০ তারিখঃ- ১৮/১২/২০১৯ খ্রিঃ মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত টাকা পরিশোধ করা হবে।
- পিপিআর-২০০৮, পিপিএ-২০০৬ অনুযায়ী জনবল নির্বাচন করা হবে।
- ৩১/০৩/২০২২ ইং তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র, কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
- আবেদনকারীকে প্রকল্প পরিচালক, “মেডিকেল কলেজ হাসপাতালসমূহে বিদ্যমান কিডনী ডায়ালাইসিস সেন্টার ৫০ শয্যায় উন্নীতকরণ এবং জেলা সদর হাসপাতালসমূহে ১০ শয্যার কিডনী ডায়ালাইসিস সেন্টার স্থাপন” এর অনুকূলে উক্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০(তিনশত) টাকার ট্রেজারি চালান মাধ্যমে ১-২৭১১-০০০০-২০৬৬ নম্বর কোডে জমা প্রদান করে মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদন আগামী ২০/০৪/২০২২ খ্রিঃ তারিখ বেলা ৪:০০ ঘটিকার মধ্যে ডাকযোগে “প্রকল্প পরিচালক কার্যালয়, ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী, ৪র্থ তলা, রুম নং-৪৫৩, শেরে-বাংলা-নগর, ঢাকাতে পৌঁছাতে হবে।
- আবেদনপত্রের সাথে স্বহস্তে লিখিত/টাইপকৃত আবেদনপত্র(মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখ পূর্বক), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও অভিজ্ঞতা (যদি থাকে) প্রমানকের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ক্রটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদন কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ে যাদের আবেদন বিবেচিত হবে কেবলমাত্র তাদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে মোবাইলে এবং ই-মেইলে জানানো হবে।
- যেহেতু আউটসোর্সিং পদ্ধতিতে সম্পূর্ণ অস্থায়ী নিয়োগ সেহেতু নিয়োগপ্রাপ্ত/চুক্তিবদ্ধ ব্যক্তির চাকুরী রাজস্ব খাতে স্থানান্তরের কোন সম্ভাবনা নেই।
- মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা সময় সকল সনদপত্রের মূল কপি এবং আবেদন পত্রের সংযুক্ত কাগজপত্রের মূল কপি দাখিল করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সকল সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।
- লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষের সংরক্ষণ করেন।
- নিয়োগ ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


০৫/০৪/২০২২
(ডাঃ মোঃ বাবরুল আলম)
প্রকল্প পরিচালক

“মেডিকেল কলেজ হাসপাতালসমূহে বিদ্যমান কিডনী ডায়ালাইসিস সেন্টার ৫০ শয্যায় উন্নীতকরণ এবং জেলা সদর হাসপাতালসমূহে ১০ শয্যার কিডনী ডায়ালাইসিস সেন্টার স্থাপন”
ন্যাশনাল ইনস্টিটিউট অব কিডনী ডিজিজেস এন্ড ইউরোলজী,
৪র্থ তলা, রুম নং-৪৫৩, শেরে-বাংলা-নগর, ঢাকা।